ট্যুরিস্ট/পিকনিক স্পট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে লালমনিরহাট সদর উপজেলার অন্তর্গত তিস্তা সড়ক সেতুর উত্তর পশ্চিম প্রান্তে বাংলাদেশ ট্যুরিস্ট বোর্ড কর্তৃক বাস্তবায়িত ট্যুরিস্ট/পিকনিক স্পটটি ০১ জানুয়ারি, ২০২৩ হতে ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. পর্যন্ত মোট ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত তফসিল এবং শর্তে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ট্যুরিস্ট/পিকনিক স্পটের দরপত্র সিডিউল ক্রয় ও দাখিল সংক্রান্ত তফসিল

ট্যুরিস্ট/পিকনিক স্পট এর নাম	দরপত্র ক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালিন সময়)	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান	দরপত্র সিডিউল দাখিলের স্থান	দরপত্র সিডিউল মূল্য (অফেরত যোগ্য)	মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
তিস্তা সড়ক সেতু সংলগ্ন ট্যুরিস্ট/পিকনিক স্পট	০৫/০২/২০২৩খ্রি.	০৬/০২/২০২৩খ্রি. সময়ঃ সকাল ১০.০০ঘটিকা থেকে দুপুর ১.০০ঘটিকা পর্যন্ত	১। জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), লালমনিরহাট ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর ৩। লালমনিরহাট সদর থানা,	১। জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), লালমনিরহাট ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর	২০০/- (দুইশত) টাকা মাত্র	
	২২/০২/২০২৩খ্রি.	২৩/০২/২০২৩খ্রি. সময়ঃ সকাল ১০.০০ঘটিকা থেকে দুপুর ১.০০ঘটিকা পর্যন্ত				
	১২/০৩/২০২৩খ্রি.	১৩/০৩/২০২৩খ্রি. সময়ঃ সকাল ১০.০০ঘটিকা থেকে দুপুর ১.০০ঘটিকা পর্যন্ত				

শর্তাবলীঃ

০১। জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট, লালমনিরহাট সদর থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত অফেরতযোগ্য মূল্যে তফসিলের ০২ নং কলামে বর্ণিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম (সিডিউল) সংগ্রহ বা ক্রয় করা যাবে। বর্ণিত তফসিলের ০৩ নং কলামে উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জেলা প্রশাসক, লালমনিরহাট এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র (সিডিউল)সমূহ গ্রহণ করা হবে। ঐদিন বেলা ২.৩০ ঘটিকায় এ বিষয়ে প্রাধিকার প্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। ১ম পর্যায়ে ধার্যকৃত তারিখে কাংখিত ইজারা মূল্য পাওয়া না গেলে তফসিলের ০২ ও ০৩নং কলামে বর্ণিত ধার্যকৃত তারিখসমূহে পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ, স্থান ও সময়সূচী মোতাবেক দরপত্র বিক্রয় ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

০৩। দরপত্র সিডিউলে ইজারা মূল্য অংকে এবং কথায় লিখতে হবে। কোনরুপ কাটাকাটি বা ওভার রাইটিং করা যাবে না।

০৪। দরপত্রের সাথে জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকার যে কোন তফশিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর বরাবর জমা প্রদান করতে হবে।

০৫। সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হলে তাকে ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট অর্থসহ প্রদত্ত দরের উপর আগাম আয়কর ১০% এবং মূল্য সংযোজন কর হিসেবে ১৫% অর্থ চালানে জমা করতে হবে। ব্যর্থতায় তার দাখিলকৃত জামানত সরাসরি বাতিলসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। ট্যুরিস্ট/পিকনিক স্পটের সকল মালামালের নিরাপত্তা, পরিস্কার-পরিচ্ছন্নতা এবং অন্যান্য শর্তাবলী পালন নিশ্চিতকরণের লক্ষ্যে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার জামানত (ফেরতযোগ্য) বিডি আকারে নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা দিতে হবে। ইজারার শর্ত যথাযথভাবে পালিত হলে ইজারার মেয়াদ শেষে তা ফেরত দেয়া হবে। ইজারার মেয়াদ শুরু হওয়ার পূর্বেই এ জামানত দাখিল করতে হবে।

০৭। বিদ্যুৎ বিল ইজারাদার প্রদান করবেন।

০৮। ট্যুরিস্ট/পিকনিক স্পটের বিভিন্ন সুবিধাসমূহের নির্ধারিত চার্জ হলো নিম্নরুপঃ-
(ক) নদীর তীরবর্তী নির্মিত আসন প্রতিজন ২/- (দুই) টাকা।
(খ) দোলনা ২/- (দুই) টাকা।
(গ) টয়লেট ৫/- (পাঁচ) টাকা।
(ঘ) পিকনিক গ্রুপ ৫০০/- (পাঁচশত) টাকা।

০৯। নির্ধারিত চার্জের চেয়ে কোনক্রমেই অতিরিক্ত চার্জ আদায় করা যাবে না।

চলমান পাতা-০২

CamScanner

১০। ট্যুরিস্ট/পিকনিক স্পটের বিক্রয় স্টলে স্থানীয় বাজার মূল্যের অতিরিক্ত মূল্যে কোন দ্রব্য বিক্রয় করা যাবে না। পর্যটকদের জন্য চা, কোমল পানীয়, শিশুদের জন্য স্বাস্থ্যকর খাদ্য সামগ্রী, মিনারেল ওয়াটার বিক্রয় করতে হবে।

১১। সকাল থেকে সূর্যাস্ত পর্যন্ত পর্যটকদের অবস্থানের সুবিধা প্রদান করতে হবে। সূর্যাস্তের পর কোন পর্যটককে সেখানে অবস্থান করতে দেয়া যাবে না।

১২। টয়লেট, বাথরুম সবসময় অত্যন্ত পরিষ্কার রাখতে হবে। কোনরুপ অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে।

১৩। ট্যুরিস্ট/পিকনিক স্পট এলাকায় কোন অবৈধ মালামালের ব্যবহার বা অসামাজিক কার্যকলাপ সংঘটিত হলে তার দায়ভার ইজারাদারকে বহন করতে হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। ০১ জানুয়ারি, ২০২৩ হতে ৩১ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত ইজারার মেয়াদ ০৩ (তিন) বছর নির্ধারিত হলেও চুক্তিনামা সম্পাদনের তারিখ হতে ৩১ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত তা কার্যকর হবে।

২৮/০২/২০২৩

(জান্নাতআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)
unolalmonirhat@.mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২৫৫.০০০.০৪.০২৪.২৩.৬৪

তারিখ: ০৪ মাঘ, ১৪২৯
১৮ জানুয়ারি, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০২। চেয়ারম্যান, জেলা পরিষদ, লালমনিরহাট।
০৩। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
০৬। জেলা..অফিসার, লালমনিরহাট
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর।
০৮। মেয়র, লালমনিরহাট পৌরসভা।
০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর।
১০। উপজেলা..অফিসার (সকল), লালমনিরহাট সদর।
১১। চেয়ারম্যান,.......................ইউপি (সকল), লালমনিরহট সদর। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সভাপতি, লালমনিরহাট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, লালমনিরহাট।
১৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ... কলেজ/উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট সদর।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,....................... ইউনিয়ন ভূমি অফিস (সকল), লালমনিরহাট সদর। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। সভাপতি/সম্পাদক, লালমনিরহাট প্রেস ক্লাব।
১৬। নোটিশ বোর্ড।

২৮/০২/২০২৩

(জান্নাতআরা ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)

CS CamScanner